বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh

মুজিব শতবর্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
(এনফোর্সমেন্ট শাখা)
www.brta.gov.bd

**২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নৈতিকতা কমিটির সভার (৩য় প্রান্তিক) কার্যবিবরণী।**

সভাপতি ঃ নুর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান, বিআরটিএ।
সভার তারিখ ঃ ০২.০৩.২০২২ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ টা
সভার স্থান ঃ বিআরটিএ-র সম্মেলন কক্ষ, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (এনফোর্সমেন্ট) ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সদস্যদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিষয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার (২য় প্রান্তিক) কার্যবিবরণী অনুমোদন | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিগত ২৮.১১.২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের সভার কার্যবীবরণী পাঠ করে শুনান। | কোন আপত্তি/সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সচিব/ পরিচালক (সকল) বিআরটিএ |
| ২. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ৩য় কোয়ার্টারে নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে এবং সভার ৮০% সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে ও বাস্তবায়ন অগ্রগতি প্রমানকসহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) বিআরটিএ |
| ৩. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনঃ<br>ক) সুশাসন/শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও সেবা প্রদান প্রতিশ্রুতি<br>খ) পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ | সভায় সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ০৯.০১.২০২২খ্রিঃ তারিখে সুশাসন/শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ সংক্রান্ত প্রশিক্ষণ নির্ধারিত সময়ে অর্থাৎ আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে আয়োজন করা হবে।<br>সভাপতি নির্ধারিত সময়েরপূর্বেই প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দেন। | ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ সংক্রান্ত প্রশিক্ষণ আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে আয়োজন করতে হবে এবং ৩য় প্রান্তিকে অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রমানক (নোটিশ, হাজিরা শীট, সম্মানী ভাতার শীট ও ছবি ইত্যাদি) এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) বিআরটিএ |
| ৪. | কর্ম পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)<br>(ক) অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি | পরিচালক (প্রশাসন) সভায় জানিয়েছেন, অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে গত জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে দৈবচয়ন ভিত্তিতে যথাক্রমে ৯ জানুয়ারি/২০২২ ও ১৩ ফেব্রুয়ারি/২০২২ তারিখ পরিদর্শন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অফিসে | ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয়ে মার্চ/২০২২ মাসে একদিন দৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন এবং লক্ষ্যমাত্রার চেয়ে অধিকতর পরিদর্শন করতে হবে। প্রমাণকসমূহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) বিআরটিএ |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|---|
| | অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজার এর ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে পরিবীক্ষণ। | প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয়ে মার্চ/২০২২ মাসে একদিন দৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন করা হবে।<br>সভাপতি অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণ এবং পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে লক্ষ্যমাত্রার চেয়ে অধিকতর পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। | | |
| ৫. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৩য় প্রান্তিকের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে গত ১৬.০১.২০২২ খ্রি: তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ এবং বিআরটিএ-র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ত্রৈমাসিক প্রতিবেদন পরিবীক্ষণের নিমিত্ত পরিবীক্ষণ কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | ওয়েবসাইটে আপলোডের প্রমানক এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। নিম্নোক্তরুপে পরিবীক্ষণ কমিটি গঠন করা যেতে পারে।<br>১। উপপরিচালক (প্রশাসন), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা – আহবায়ক।<br>২। উপপরিচালক (ইঞ্জিঃ-১), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা – সদস্য।<br>৩। উপপরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা – সদস্য সচিব। | পরিচালক (এনফোর্সমেন্ট প্রোগ্রামার বিআরটিএ |
| ৬. | আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ'র আওতাধীন বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর গত ৩০.০১.২০২২ খ্রি: তারিখে ফিডব্যাক প্রদান করা হয়েছে। | ফিডব্যাক প্রদানের প্রমাণক সংরক্ষণ করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট বিআরটিএ |
| ৭. | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনার সংশোধনের প্রয়োজন হলে, আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের পূর্বে সংশোধনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। প্রোগ্রামার, বিআরটিএ জানান যে, অপারেশন শাখার ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা সংশোধনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br>সভাপতি ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনার সংশোধনের প্রয়োজন হলে, আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের পূর্বে সংশোধনপূর্বক ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনার সংশোধনের প্রয়োজন হলে, আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের পূর্বে সংশোধনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। ওয়েবসাইটে প্রকাশের প্রমাণক এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সংশ্লিষ্ট সকল) প্রোগ্রামার বিআরটিএ |
| ৮. | ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৫০০ টি অভিযান পরিচালনার জন্য ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ৩য় কোয়ার্টারে জানুয়ারি ও ফেব্রুয়ারি - ২০২২ পর্যন্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ২৯৭ টি অভিযান পরিচালনা করা হয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহণ করে লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা করতে হবে। প্রয়োজনীয়তার নিরিখে অভিযান সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ৯. | বিআরটিএ'র সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ কর্তৃক ৩য় কোয়ার্টারে ৬০টি সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। ৩য় কোয়ার্টারে জানুয়ারি ও ফেব্রুয়ারি/২০২২ পর্যন্ত ৪৪টি সেবা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>সভাপতি জনসচেতনতা, সতর্কতা, ডিজিটাল সেবা এবং অন্যান্য সেবামূলক বিজ্ঞপ্তি প্রচারের নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা বিজ্ঞপ্তি সংক্রান্ত প্রকাশ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০. | ড্রাইভিং লাইসেন্স ও মালিকানা বদলী সেবাসমূহ সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা | সভায় পরিচালক (ইঞ্জি:) জানান যে, ড্রাইভিং লাইসেন্স ও মালিকানা বদলী সেবাসমূহ সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা নির্ধারিত সময়ে অর্থাৎ আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে আয়োজন করা হবে।<br>সভাপতি নির্ধারিত সময় পূর্বে সেবা সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের পূর্বে সেবা সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (ইঞ্জিনিয়ারিং বিআরটিএ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোনঃ ৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯- ৭২ তারিখ ঃ১৫-০৩-২০২২ খ্রিঃ।

বিতরণঃ
১। সচিব/ পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিঃ/অপাঃ/রোড সেফটি/প্রশিক্ষণ) বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
২। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

অনুলিপিঃ
১। চেয়ারম্যান মহোদয়ের এর একান্ত সচিব, সদর কার্যালয়, বিআরটিএ, বনানী, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

১৫/০৩/২২
(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ৫৮১৫৪৭০২২